দৈনিক জনকণ্ঠ

তারিখ ১13 JAN 2013
পৃষ্ঠা ২ কলাম ৪

## সরকারের প্রতি হাইকোর্ট

# অবিলম্বে ভিকারুননিসা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার নির্দেশ

সুপ্রীমকোর্ট রিপোর্টার ॥ ভিকারুননিসা বিশ্ববিদ্যালয় অবিলম্বে খুলে দেয়ার জন্য

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## অবিলম্বে ভিকারুননিসা

(প্রথম পাতার পর)

হাইকোর্ট সরকার ও সংশ্লিষ্টদের প্রতি নির্দেশ দিয়েছে। রবিবার বিচারপতি হামিদুল হক ও বিচারপতি সালমা মাসুদ চৌধুরী সমন্বয়ে গঠিত হাইকোর্ট ডিভিশন বেঞ্চ ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোঃ আবদুস সাত্তার এবং ছাত্রী অভিভাবকদের পক্ষে মোঃ নাজমুল হকের দায়েরকৃত রিট আবেদনের প্রেক্ষিতে এই আদেশ প্রদান করে। এছাড়া ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়ের অপরাজিতা ভবনে ১৩৩ ছাত্রীর পড়াশোনার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি এবং যাবতীয় সকল সুযোগ সুবিধা প্রদানসহ সকল ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি নির্দেশ দেয় আদালত। সেই সঙ্গে ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সরকারী আদেশটি কেন অবৈধ ঘোষণা করা হবে না-এ মর্মে কারণ দর্শানোর জন্য শিক্ষা সচিব এবং ভিকারুননিসা স্কুল ও কলেজ কর্তৃপক্ষসহ পাঁচজনের বিরুদ্ধে রুলনিশি জারি করা হয়েছে। রিট আবেদনে বলা হয়, গত ২৭ নবেম্বর সরকার ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন বাতিল ও বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার আদেশ প্রদান করে। এর ফলে বিশ্ববিদ্যালয়টির ১৩৩ ছাত্রীর শিক্ষাজীবন অনিশ্চিত হয়ে পড়েছে। তাই বিশ্ববিদ্যালয়টির রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সরকারী আদেশটি অবৈধ ঘোষণা করা হোক। রিটটি পরিচালনা করেন এ্যাডভোকেট তুহিন মালিক। সরকারপক্ষে ছিলেন সহকারী এ্যাটর্নি জেনারেল আমান আক্তার বুলবুল ও কামরুন্নেসা রত্না।